



রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা।

www.rajuk.gov.bd

অফিস আদেশ

নং-২৫.৩৯.০০০০.০০৯.২৭.০০৭.২৩-৬৬২



তারিখঃ ৩০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা-এর নস্বাকার (চলতি দায়িত্ব) জনাব মোঃ শফিউল্লাহ বাবু, নগর পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা গত ০৬/০৫/২০২৪ খ্রিঃ তারিখ রাতে কাজিপুর উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪ উপলক্ষ্যে শুভগাছা ইউনিয়নে নিজস্ব গাড়ী ব্যবহার করে প্রতিটি গ্রামে ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে চেয়ারম্যান পদপ্রার্থী জনাব মোঃ আশরাফুল আলম (প্রতিক ঘোড়া) কে ভোট দেয়ার জন্য অধিকাংশ ভোটারদের ১,০০০/- (টাকা এক হাজার) টাকা দেয়ার অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগের ভিত্তিতে স্মারক নং-২৫.৩৯.০০০০.০০৯.২৭.০০৭.২৩. ৮৩০, তারিখ ০৭/০৫/২০২৪ খ্রিঃ এর মাধ্যমে তাকে পত্র প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে লিখিতভাবে কারণ দর্শাতে বলা হলে তিনি গত ০৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখে জবাব প্রদান করেন। উক্ত জবাবে তিনি উল্লেখ করেন যে, অভিযোগটি সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট। চেয়ারম্যান মহোদয়ের সাথে কথা বলার সময় ভয়ে স্তম্ভিত হয়ে সিরাজগঞ্জ শহরে থাকা সত্ত্বেও তিনি বলেন উত্তরা সমিতি অফিসে রয়েছেন। এই অনাকাঙ্ক্ষিত মিথ্যা কথা বলার জন্য আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেন ও নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করে জবাব দাখিল করেছেন। অন্যদিকে গত ০৬/০৫/২০২৪ খ্রিঃ তারিখ রাতে কাজিপুর উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪ শুভগাছা ইউনিয়নের প্রতিটি গ্রামে নিজস্ব গাড়ী ব্যবহার করে ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে চেয়ারম্যান পদপ্রার্থী জনাব মোঃ আশরাফুল আলম (প্রতিক-ঘোড়া) কে ভোট দেয়ার জন্য অধিকাংশ ভোটারদের এক হাজার টাকা করে দিয়েছেন মর্মে অভিযোগটি অস্বীকার করেন। তার এ ধরনের কর্মকাণ্ডে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে এবং কর্মস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় অফিস শৃংখলা ভঙ্গ হয়েছে, যা রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০১৩ এর বিধি ৩৭(ক) অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা এবং ৩৭(খ) অনুযায়ী অসদাচরণের সামিল।

২। বর্ণিতাবস্থায়, জনাব মোঃ শফিউল্লাহ বাবু, নস্বাকার (চলতি দায়িত্ব), নগর পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা কে উপরিলিখিত কর্মকাণ্ডের জন্য রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০১৩ এর বিধি ৪৩ এর উপবিধি (১) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা এবং অসদাচরণের অভিযোগে সাময়িক বরখাস্ত করা হলো। তার বিরুদ্ধে নিয়মিত বিভাগীয় মামলা রুজু করা হোক।

৩। জনাব মোঃ শফিউল্লাহ বাবু, নস্বাকার (চলতি দায়িত্ব), নগর পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, রাজউক রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০১৩ এর বিধি ৪৩ এর উপবিধি (৪) অনুযায়ী খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মেজর জেনারেল মোঃ ছিদ্দিকুর রহমান সরকার (অবঃ)

চেয়ারম্যান

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।

তারিখঃ ৩০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ

২৩ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

নং-২৫.৩৯.০০০০.০০৯.২৭.০০৭.২৩-৬৬২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সদস্য (সকল), রাজউক, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী (প্রকল্প ও ডিজাইন/ বাস্তবায়ন), রাজউক, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস শাখা, রাজউক, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। পরিচালক (সকল), রাজউক, ঢাকা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, সদর দপ্তর, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- ৬। লিয়ার্স অফিসার, রাজউক, ঢাকা [চেয়ারম্যান (সচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৭। পরিসংখ্যানবিদ, প্রশাসন শাখা, রাজউক, ঢাকা।
- ৮। নথি রক্ষণ কর্মকর্তা, প্রশাসন শাখা, রাজউক, ঢাকা।
- ৯। জনাব মোঃ শফিউল্লাহ বাবু, নস্বাকার (চলতি দায়িত্ব), নগর পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, রাজউক, ঢাকা।
- ১০। অফিস কপি।

৭: ৪৭০৮
২৪/৫/২৪

৩০/৫/২৪
পরিচালক (প্রশাসন)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।